

স্বাক্ষর
2/8/18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/ ৬ ০ ৫

তারিখঃ ১৯ চৈত্র, ১৪২৪
০২ এপ্রিল, ২০১৮

বিষয়ঃ ৩০% মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ নিশ্চিতকরণ ও নিয়োগকৃতদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ক) এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭-৭৭২;


তারিখঃ ১৯.০৬.২০১৭।

খ) এ মন্ত্রণালয়ের সংশোধিত পরিপত্রের স্মারক নং-৪৮.০০.০০০০.০২.১০.২৬২৪.২০১৭-২৫; তারিখঃ ১৭.০১.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ জানুয়ারি, ২০১১ তারিখের ২৬ নং স্মারকে সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/ আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা এবং উপর্যুক্ত প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র -কন্যার পুত্র-কন্যার অনুকূলে ৩০% কোটা বলবৎ হবে মর্মে নির্দেশনা রয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন, ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারীকৃত পরিপত্রের ২ এর (ঘ) অনুচ্ছেদে 'মুক্তিযোদ্ধা কোটায় যে কোন নিয়োগের তালিকা সংযুক্ত ছকে নিয়োগকারী কর্তৃপক্ষ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবেন' মর্মে উল্লেখ রয়েছে। কিন্তু পরিপত্র জারীর পর হতে অদ্যাবধি কয়েকটি মন্ত্রণালয় ছাড়া অধিকাংশ মন্ত্রণালয় হতে উল্লিখিত ছক পূরণ করতঃ তথ্য প্রেরণ করা হয়নি।

২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়ের অধীনে সকল পদে নিয়োগকৃত প্রার্থীদের ৩০% মুক্তিযোদ্ধা কোটার বিস্তারিত তথ্যাবলী নির্ধারিত ছকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে যুগপৎভাবে প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


(মোস্তাক আহমেদ)
সহকারী সচিব
ফোনঃ-৯৫৭৫৪৭৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)/ মহা পুলিশ পরিদর্শক,..... বাংলাদেশ সচিবালয়/বাংলাদেশ পুলিশ সদর দপ্তর, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা,/(মন্ত্রণালয়ের অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার(সকল) —(সংশ্লিষ্টদপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (আইসিটিসেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পত্র টি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. জেলা প্রশাসক(সকল)—(সংশ্লিষ্টদপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।